দর্শনা সাংবাদিকদের পক্ষ থেকে কেরু’জ নবাগত এমডিকে ফুলের শুভেচ্ছা ও মতবিনিময়

চ্যালেন এস বাংলার কৃষিকথা এবং দৈনিক পশ্চিমাঞ্চল ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার পক্ষ থেকে কেরু এন্ড কোম্পানির নবাগত ব্যাবস্হাপনা পরিচালক মোঃ মোশারফ হোসেন কে ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়েছে। আজ ৩ অক্টোবর রোববার সকাল ১১ টায় কেরু’জ জেনারেল অফিসে নতুন এমডি জনাব মোঃ মোশারফ হোসেন কে ফুলের শুভেচ্ছা জানানো হয়। ফুলের শুভেচ্ছা জানানোর সময় উপস্থিত ছিলেন কেরু এন্ড কোম্পানির মহা-ব্যবস্থাপক (প্রশাসন) শেখ মোঃ শাহাবুদ্দিন, মহা-ব্যবস্থাপক (ফ্যাক্টারী) সুমন কুমার বিশ্বাস, মহা-ব্যবস্থাপক (কৃষি) গিয়াস উদ্দিন, মহা-ব্যবস্থাপক (ডিষ্ট্রীলারী) ফিদা হাসান বাদশা, প্রমূখ। তিনি মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা প্রতিনিধি ও চ্যানেল এর জেলা প্রতিনিধি বাংলার কৃষি কথা অনুষ্ঠানের পরিচালক আফজালুল হক বাদল, মেহেরপুর প্রতিদিনের দর্শনা ব্যুরো প্রধান ও জাতীয় দৈনিক জনবানীর দামুড়হুদা প্রতিনিধি আহসান হাবীব মামুন, দৈনিক পশ্চিমাঞ্চলের দর্শনা অফিস সহকারী ব্যুরো প্রধান চঞ্চল মেহমুদ, মেহেরপুর প্রতিদিন ও চ্যানেল এস বাংলার কৃষি কথা অনুষ্ঠানের উপস্থাপক ফরহাদ হোসেন। ফুলের শুভেচ্ছা জানানোর সময় কেরু এন্ড কোম্পানির নবাগত এমডি মোঃ মোশারফ হোসেন বলেন আপনারা সাংবাদিক একটি সমাজের দর্পন। আপনাদের লেখার মাধ্যমে অন্যায় তুলে ধরেন এবং সমাজকে দূর্নীতি মুক্ত করেন।

তেমনি আপনাদের লেখনির মাধ্যমে এতদ্বাঞ্চলের একমাত্র ভারী চিনিশিল্প প্রতিষ্ঠান কেরু এন্ড কোম্পানীর উন্নতির লক্ষে আখ চাষে চাষিদের সাথে আমরা প্রতিদিনিই
মিটিং করছি খুব দ্রত আখ চাষ বেশি করা যায় সে দিকে আমরা এগুচ্ছি। এজন্য আপনাদের ধন্যবাদ এবং সেই সাথে চ্যানেল এস বাংলার কৃষি কথা অনুষ্ঠান এবং দৈনিক পশ্চিমাঞ্চল ও মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার জন্য শুভকামনা জানাই ।

দামুড়হুদা উপজেলা হাউলী ইউনিয়নে জন্ম- মৃত্যু নিবন্ধন অনুষ্ঠিত হয়েছে

দামুড়হুদা উপজেলা হাউলী ইউনিয়নে জন্ম-মৃত্যু নিবন্ধন ত্বরনিত করার লক্ষে ১ থেকে ৪৫ দিনের শিশু নিবন্ধন করায় শিশুর বাড়িতে গিয়ে রজনী গন্ধা ফুল ও এক সেট জামা কাপড় দিয়ে উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা খাতুন।

শনিবার দুপুর দেড়টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যেগে জয়রামপুর হাজী পাড়ায় শরিফুলের বাড়িতে এ উদ্বোধন করা হয়। এসময় হাউলী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের ১০ জনকে এই উপহার তুুলে দেওয়া হয়।

জানাযায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদের অধিনে শিশু জম্মের পর ও মৃত্যুর পর যাতে দ্রুত নিবন্ধন করে জনগণ তার উৎসাহী বাড়ানো জন্য ১-৪৫ দিনের মধ্যে নিবন্ধন করলেই ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ফ্রী নিবন্ধন সহ শিশু পাবে এক সেট জামাকাপড়। এ ক্যাম্পেইন চলবে সপ্তাহ ব্যাপি।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সুদীপ্ত কুমার সিংহ, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দীন, সচিব নাঈম উদ্দিন ।

এসময় আরো উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন পরিষদের সদস্য রওশনারা খাতুন, মোমেহার খাতুন, রহিমা খাতুন, সাবিনা ইসমিন, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল হান্নান, শহিদুল ইসলাম, রিকাত আলি, শাহাজামাল হোসেন, আব্দুল হান্নান, আবদুল্লাহ সেলিম,জসিম উদ্দীন প্রমুখ।

চুয়াডাঙ্গায় গোপীনাথপুর হোসেন শাহ্ দরবারের ২১ তম ঔরস আসর অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সদর উপজেলায় গোপীনাথপুর গ্রামের ঐতিহাসিক হোসেন শাহ্ দরবারের ২১ তম ঔরস আসর অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল থেকে দিনব্যাপী ঔরস শরিফে বিভিন্ন জেলা থেকে আগত ভক্ত ও অনুসারীরা উপস্থিত হয়।

হোসেন শাহ্ ঔরস শরিফের সভাপতি ও পদ্মবিলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি খাজা শাহাবুদ্দিনের সভাপতিত্বে ২১ তম ঔরস শরিফ অনুষ্ঠিত হয়। এ সময় তিনি বলেন হোসেন শাহ্ স্মরণে প্রতিবছর প্রহেলা অক্টোবর এই ঔরস শরিফ অনুষ্ঠিত হয় ।

ঔরস শরিফে আরও উপস্থিত ছিলেন, হোসেন শাহ্ ঔরস শরিফের সাধারণ সম্পাদক মোঃ হাসতম আলী, পদ্মবিলা ইউনিয়নের ৯ নং ওয়ার্ড এর সদস্য ও আগামী ইউনিয়ন পরিষদের নির্বাচনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আলম আলী, ৪,৫ ও ৬ নং ওয়ার্ডের সদস্য চায়না খাতুন, রবগুল হোসেন, বায়জিদ হোসেন,ইদ্রিস আলী ও আমান আলী সহ বিভিন্ন স্থান থেকে আগত ভক্তবৃন্দ।

নৌকা বাইচ আবহামান বাংলার একটি ঐতিহ্যবাহী খেলা

প্রতি বছরের মতো এবারো মাথাভাঙ্গা নদীতে নৌকাবাইচ প্রতিযোগিতা হয়েছে। প্রতিযোগিদের মধ্যে বিতরণ করা হয়েছে পুরস্কার। প্রতিযোগিতার উদ্বোধন ও পুরস্কার বিতরণ করেছেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

শুক্রবার বিকালে দামুড়হুদার পারকৃষ্ণপুর গ্রামবাসীর আয়োজনে

ঐতিহ্যবাহি নৌকা বাইচ প্রতিযোগিতায় ৬ টি দল অংশ নেয়। এ প্রতিযোগিতা উপভোগ করতে নদীর তীর ও মাথাভাঙ্গা ব্রীজের উপরে ছিলো হাজারো মানুষের উপচে পড়া ভীড়।

বিকাল সাড়ে ৪ টার দিকে মাথাভাঙ্গা নদীর পারকৃষ্ণপুর ভিমখালী ঘাট থেকে মেমনগর ব্রীজঘাট পর্যন্ত প্রায় ১ কিলোমিটার নদীপথে নৌকা বাইচ প্রতিযোগিতায় অংশ নেয়, পারকৃষ্ণপুরের কৃষ্ণ, রবি, বৈদ্যনাথ, সুকুমার, সুবল ও ভবেসের দল।

৬ টি দলের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে কৃষ্ণ ও তার দল, ২য় হয়েছে রবি ও তার দল ও ৩য় হয়েছেন বৈদ্যনাথ ও তার দল।

মেমনগর ব্রীজ সংলগ্ন পার্ক মঞ্চে অনুষ্ঠিত আলোচনাসভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু বলেন, নৌকা বাইচ আবহমান বাংলার একটি ঐতিহ্যবাহি খেলা। নদী মাতৃক বাংলাদেশে নৌকা বাইচ খেলাটি অত্তান্ত জনপ্রিয়। হাজারো মানুষের ঢল তা আবারো প্রমান করলো। যারা প্রতি বছর এ ঐতিহ্যবাহি নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন করে থাকে তারা অবশ্যই প্রসাংশার দাবীদার।

এ ধরণের সুস্থ বিনোদন আপামর জনতার চিত্তকে উৎফুল্ল করে। বিশেষ অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মঞ্জু, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা।

হাজি আইয়ুব আলী রাজুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নৌকা বাইচ প্রতিযোগীতা কমিটির আহ্বায়ক জিয়াউল হক, আহসান হাবীব, সোহরাব হোসেন, খায়র“ল বাসার, আ.আলীম, আলী আহম্মদ, নজর“ল ইসলাম, ফয়সাল প্রমুখ। উপস্থাপনা করেন সাংবাদিক হানিফ মন্ডল। রাত ৮ টায় মনজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে বাউল গান গেয়ে দর্শক মাতান ধীরু বাউল ও তার দল।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪২৮তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে শহীদ আলাউল হলে শারীরিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে সাপ্তাহিক সাহিত্য আসর ‘পদধ্বনি’ অনুষ্ঠিত হয়েছে।

১৪২৮তম এই আসরে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলালের সভাপতিত্ব অনুষ্ঠানের শুরুতে দিক নির্দেশনামূলক বক্তব্য দেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের অন্যতম উপদেষ্টা এইচ. আলী বিশ্বাস (এ্যালবার্ড)।

কাজল মাহমুদের সঞ্চালনায় স্বরচিত লেখা পাঠ করেন নাট্যজন ও গল্পকার মো. আলাউদ্দীন, ইব্রাহিম খলিল, জিল্লুর রহমান রুবেল, হারুন-অর রশিদ, আশিকুজ্জামান আসাদ, ডা. তোফাজ্জেল হোসেন, হোসেন জাকির, আনছার আলী ও সুমন ইকবাল।

চিরায়ত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন আশিকুজ্জামান আসাদ। পঠিত লেখার উপর আলোচনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের অন্যতম উপদেষ্টা এইচ. আলী বিশ্বাস (এ্যালবার্ড), মো. আলাউদ্দীন ও কাজল মাহমুদ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে অনুষ্ঠান শেষ করেন। লেখিয়ে বন্ধু ও সাহিত্যানুরাগী ছাড়াও যে-কেউ প্রতি শুক্রবার বিকালে অনুষ্ঠেয় এই সাহিত্য আসরে অংশগ্রহণ করতে পারেন বলে জানিয়েছেন তিনি।

দামুড়হুদায় আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন

দামুড়হুদা দর্শনা প্রবীন কমিটির আয়োজনে আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপিত হয়েছে। শুক্রবার দর্শনা প্রবিন কমিটির সভাপতি ফজলুর

রহমানের সভাপতিত্বে আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার।

এসময় তিনি বলেন প্রবীনরা বটবৃক্ষের ছায়ার মতো জীবন সায়াহ্নে এসেও সন্তানদের ভালোবাসার মায়ায় জড়িয়ে থাকেন এই সব প্রিয় মুখগুলো। মহান আল্লাহ রাব্বুল আলামিন তাদের নেক হায়াত দান করুন। আসুন সবাই যত্নবান হই নিজ নিজ পিতা- মাতার প্রতি।

চুয়াডাঙ্গায় পালিত হলো জাতীয় কন্যা শিশু দিবস

চুয়াডাঙ্গায় জাতীয় কন্যা শিশু দিবস পালিত হয়েছে। আমারা কন্যা শিশু, প্রযুক্তিতে হবো সমৃদ্ধ, ডিজিটাল বাংলাদেশ গড়বো’ প্রতিপাদ্যে সামনে রেখে কন্যা শিশু দিবস-২০২১ পালিত হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বৃহস্পতিবার সাড়ে এগারোটার সময় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন বলেন, মেয়েদের শিক্ষার অধিকার, পরিপুষ্টি, আইনি সহায়তা ও ন্যায় অধিকার, চিকিৎসা সুবিধা ও বৈষম্য থেকে সুরক্ষা, নারীর বিরুদ্ধে হিংসা ও বলপূর্বক বাল্যবিবাহ বন্ধে কার্যকর ভূমিকা পালনের উদ্দেশ্যে এ দিবসের সূচনা করা হয়। দেশের সামগ্রিক উন্নয়নের জন্য এ বিপুলসংখ্যক কন্যা শিশুর নিরাপত্তা ও অধিকার নিশ্চিত করা অপরিহার্য। কিশোরী ও নারীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান এবং তাদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির ব্যবস্থা নেয়া হয়েছে। আজ আমাদের নারীসমাজ জাতীয় অগ্রযাত্রায় তাৎপর্যপূর্ণ ভূমিকা রেখে চলেছেন। তিনি কন্যা শিশুদের সার্বিক সুরক্ষা ও উন্নয়নে সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, গণমাধ্যমসহ সমাজের সর্বস্তরের জনগণকে এগিয়ে আসার আহ্বান জানান। এ সময় তিনি আরো বলেন, শিশুবিবাহ বন্ধ করে কন্যাশিশুদের মানসম্মত

শিক্ষা ও পুষ্টির চাহিদা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে সরকার কন্যা শিশুদের শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টিসহ পরিপূর্ণ বিকাশে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

আলোচনা সভায় চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আরাফাত রহমান, সিনিয়র সহকারি পুলিশ সুপার মুন্না বিশ্বাস, জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান নাবিলা রুকসানা ছন্দা। অনুষ্ঠানটি পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ পরিচালক মাকসুরা জান্নাত।

জীবননগরে মুর্তিসহ দুই প্রতারক আটক

জীবননগর থানা পুলিশের ক্রেতা সেজে অভিনব কায়দায় অভিযান চালিয়ে নকল সোনার মুর্তিসহ দুই প্রতারক মুর্তি ব্যবসায়ী আটক করেছে । গত মঙ্গলবার বিকালে জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) আঃ খালেকের নির্দেশে এসআই ওসমান গনি সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিতে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের বেনিপুর গ্রামের বটতলা নামক এলাকার মাঠে অভিযান চালিয়ে নকল স্বর্ণের মুর্তিসহ দুই প্রতারক মুর্তি ব্যবসায়ীকে গ্রেফতার করেন।

নকল স্বর্ণের মুর্তিসহ মুর্তি ব্যবসার সাথে জড়িত দুই প্রতারক বেনিপুর গ্রামের মজনু হকের ছেলে রুবেল হক (৩০) ও একই গ্রামের আবু সিদ্দিকের ছেলে ওয়াসিম আকরাম (২২)কে হাতেনাতে গ্রেফতার করেন।

আটককৃত প্রতারকদের বিরুদ্ধে পুলিশ বাদী হয়ে জীবননগর থানায় প্রতারণার মামলা করেছে।

দর্শনায় সড়ক দুর্ঘটনায় যুবক নিহত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় মোটরসাইকেল দুর্ঘটনায় সোহান নামের এক যুবককের মৃত্যু হয়েছে। আজ সোমবার বেলা ৩ টার দিকে দর্শনা- জীবননগর সড়কের রশিকশাহ মাজারের নিকট এ দুর্ঘটনা ঘটে।
নিহত সোহান (১৭) দর্শনা আকোন্দবাড়িয়া নতুন পাড়ার সাহিদুল ইসলামের ছেলে। দর্শনার মালেকের ওয়ার্কসপের শ্রমিক। প্রত্যক্ষদর্শী হিমেল নামের এক যুবক বলে, সোমবার দুপুরে আমি ওই পাম্পে তেল নিচ্ছিলাম। মোটরসাইকেলটি আমার সামনে দিয়ে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে পাকা সড়কে আছড়ে পড়ে। আমি ওয়ার্কসপ মালিককে খবর দিই।
ওয়ার্কসপের মালিক আব্দুল মালেক বলেন, দুপুরের খাবার খেতে মোটরসাইকেল চালিয়ে বাড়ি যাচ্ছিল সোহান। এসময় দর্শনা-জীবননগর সড়কের রশিকশাহ মাজারের নিকট পৌঁছালে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে পাকা সড়কে উল্টে পড়ে। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
এদিকে, দুর্ঘটনার খবর পেয়ে সোহানের বাবা-মাসহ পরিবারের লোকজন হাসপাতালে ছুটি আসে। এসময় তাদের কান্নায় হাসপাতালের বাতাস ভারি হয়ে ওঠে। নিহত সোহান দুই ভায়ের মধ্যে বড়।
চুয়াডাঙ্গা সদর হাসপাতালর জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. মাহাবুবুর রহমান বলেন, হাসপাতালে নেয়ার আগেই সে মারা যায়। চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মহসীন পিপিএম (বার) বিষয়টি নিশ্চিত করেছেন। গতকাল রাত সাড়ে ১০ টায় তার জানাজা শেষে আক্ন্দবাড়িয়া কবরস্হানে দাফন সম্পর্ন করা হয়।

নবাগত ওসি সাইফুল ইসলামের সাথে বণিক সমিতির নেতৃবৃন্দর সৌজন্য সাক্ষাত

আলমডাঙ্গায় নবাগত ওসি সাইফুল ইসলামের সাথে সৌজন্য সাক্ষাত করেছে আলমডাঙ্গার বণিক সমিতির নেতৃবৃন্দ। শুক্রবার (২৪ সেপ্টেম্বর) রাত ৯টার দিকে ওসির অফিস কক্ষে এ সৌজন্য সাক্ষাত করেন।

সাক্ষাতে ওসি সাইফুল ইসলাম বলেন, আইনশৃঙ্খলা পরিস্থি স্বাভাবিক রাখতে এবং কোভিড-১৯ এর প্রয়োজনে পূণরায় লকডাউন কিংবা সামাজিক দুরত্ব বজায় রেখে তারা ব্যবসা পরিচালনা করার জন্যে সমিতির সহযোগিতা চান।

সৌজন্য সাক্ষাতে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, সাধারণ সম্পাদক কামাল হোসেন, সহ-সভাপতি কামরুজ্জামান হিরা, যুগ্নসম্পাদক রফিকুল ইসলাম, শরিফুল ইসলাম, কোষাধ্যক্ষ আলাউদ্দিন, সাংগঠনিক সম্পাদক আব্দুল লতিফ, দপ্তর সম্পাদক আয়ুব হোসেন, ক্রিয়া সম্পাদক বাবলুর রহমান, এছাড়াও কার্যনির্বাহ সদস্য জাহাঙ্গীর আলম, জয়নাল ক্যাপ, তোতা, কাবলু, মতিয়ার রহমান প্রমূখ।